গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক ও জনপথ অধিদপ্তর
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
Website: www.rhd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০১৩.২৬-১০১ তারিখঃ ২৬/০১/২০২৬ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

সড়ক ও জনপথ অধিদপ্তরের নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | স্বাস্থ্যগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১। | সার্ভেয়ার | ০৯ (নয়)টি | টাঃ ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪ | ১৮ হতে ৩২ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কোন স্বীকৃত ইনষ্টিটিউট হতে ডিপ্লোমা ইন সার্ভে টেকনোলজি পাশ। | - |
| ০২। | সিকিউরিটি সুপারভাইজার | ০৪ (চার)টি | টাঃ ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ১৮ হতে ৩২ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন স্নাতক ডিগ্রী, তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>(গ) Bangladesh Fire Service and Civil Defence Academy হতে যে কোন অফিসার্স বা অগ্নিনির্বাপণ সম্পর্কিত প্রশিক্ষণ কোর্স। | - |
| ০৩। | ইঞ্জিন চালক | ১৬ (ষোল)টি | টাঃ ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ১৮ হতে ৩২ বৎসর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | - |
| ০৪। | ওয়ার্ক এ্যাসিস্ট্যান্ট | ৫২ (বায়ান্ন)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | ১৮ হতে ৩২ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | - |
| ০৫। | নিরাপত্তা প্রহরী (সিকিউরিটি গার্ড) | ১০৭ (একশত সাত)টি | টাঃ ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | ১৮ হতে ৩২ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সামরিক ও আধা-সামরিক বাহিনী, পুলিশ ও আনসার বাহিনী এবং বি.জি.বি এর অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। | ক) উচ্চতা- ১.৬২ মিটার (৫'-৪'')।<br>খ) ওজন ১১০ পাউন্ড।<br>গ) বুকের মাপ- ০.৭৬-০.৮১ মিটার (৩০''- ৩২'')। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১. বাংলাদেশের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। আবেদন অনলাইনে করতে হবে। একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। ০১/০৩/২০২৬ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীদেরকে অবশ্যই মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৩. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

৪. শারীরিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

৫. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র বিজ্ঞাপনে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ, জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং-ক-ঙ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদপত্রসহ)।

খ. কোটার সমর্থনে মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

গ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

ঘ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

ঙ. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

৭. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৯. এ নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১০. নিয়োগ বিজ্ঞপ্তি, লিখিত পরীক্ষা, শারীরিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা, বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন পরিবর্তন/সংশোধন (যদি থাকে) এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য সড়ক ও জনপথ অধিদপ্তরের ওয়েবসাইট www.rhd.gov.bd এ পাওয়া যাবে।

১১. আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।

১২. লিখিত, শারীরিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলিঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://rhd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৯/০১/২০২৬ খ্রিঃ, সকাল: ১০:০০ ঘটিকা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০১/০৩/২০২৬ খ্রিঃ, বিকাল: ০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রের তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে।

নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ০১ নং থেকে ০৪ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ১২/-টাকা, মোট ১১২/- টাকা এবং ০৫ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকা, মোট ৫৬/- টাকা এবং অনগ্রসর নাগরিকরা (শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গ) সকল পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকা, মোট ৫৬/- টাকা ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: RHD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: RHD ABCDF

Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type RHD<Space>Yes<Space>Pin and send to 16222.

দ্বিতীয় SMS: RHD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: RHD YES 12345678

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for RHD Application for the post xxxxxxxxx User ID is (RHD) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://rhd.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. ক্রমিক নং-৫ এ উল্লেখিত পদে শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ পরবর্তীতে একই প্রবেশপত্রের মাধ্যমে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি শারীরিক (প্রযোজ্য ক্ষেত্রে)/লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

ঝ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে RHD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: RHD Help User ID & send to 16222.

(ii) PIN Number জানা থাকলে RHD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: RHD Help PIN 12345678 & send to 16222.

ঞ. এই নিয়োগ বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলি, এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://rhd.teletalk.com.bd এ পাওয়া যাবে।

২৬/০৭/২৬

(এ, এস, এম, ইলিয়াস শাহ্)
পরিচিতি নং-০০৫০০৭
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সড়ক ও জনপথ অধিদপ্তর
অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
Website: rhd.portal.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০১৩.২৬-১০২ তারিখঃ ২৬/০১/২০২৬ খ্রিঃ

বরাবর,
১। **ম্যানেজার (বিজ্ঞাপন)**
বাংলাদেশ প্রতিদিন
প্লট নং-৩৭১/এ, ব্লক-ডি
বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা।

২। **ম্যানেজার (বিজ্ঞাপন)**
The Daily Star
৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫।

**বিষয়ঃ <u>নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে</u>।**

এতদসঙ্গে সংযুক্ত সড়ক ও জনপথ অধিদপ্তরের নিয়োগ বিজ্ঞপ্তিটি (১৫"- ৮" সাইজে) আগামী ২৮-০১-২০২৬ তারিখ ১(এক) দিন আপনার পত্রিকায় প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সংশ্লিষ্ট অংশসহ পত্রিকার ২(দুই) কপি এবং বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের বিল অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ-নিয়োগ বিজ্ঞপ্তির কপি।

(এ, এস, এম, ইলিয়াস শাহ্)
পরিচিতি নং-০০৫০০৭
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
☏ ০২-৮৮৭৯৩১৪
E-mail : acemsw@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০১৩.২৬-১০২/১(১) তারিখঃ ২৬/০১/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (বিজ্ঞপ্তির অনুলিপিসহ):
১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, সওজ সংস্থাপন-২ শাখা)
২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

(এ, এস, এম, ইলিয়াস শাহ্)
পরিচিতি নং-০০৫০০৭
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০১৩.২৬-১০২/২(২০) তারিখঃ ২৬/০১/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, . . . . . . . . . . . . . . . . . . . .
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, . . . . . . . . . . . . . . . . . . . . . .
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। পরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০। বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর আওতাধীন দপ্তরসমূহে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
সংযুক্তিঃ- নিয়োগ বিজ্ঞপ্তি - ১(এক) কপি।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
সংযুক্তিঃ- নিয়োগ বিজ্ঞপ্তি - ১(এক) কপি।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি RHD Website-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
সংযুক্তিঃ- নিয়োগ বিজ্ঞপ্তি - ১(এক) কপি।
৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮। উপসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। নির্বাহী প্রকৌশলী, সওজ, . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .
১০। নোটিশ বোর্ড, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১১। প্রধান সহকারী, সংস্থাপন শাখা-২, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

২৬/০১/২৬

(এ, এস, এম, ইলিয়াস শাহ্)
পরিচিতি নং-০০৫০০৭
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং